বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
সাভার, ঢাকা
www.bpatc.gov.bd
(পিপিআর অনুবিভাগ)

নং-০৫.০১.২৬৭২.১৪০.২৫.১১২.২৪.৭৮৩

তারিখ: ০২ আশ্বিন ১৪৩২ / ১৭ সেপ্টেম্বর ২০২৫

## অফিস আদেশ

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে ২১/০৯/২০২৫ থেকে ১৯/১১/২০২৫ তারিখ পর্যন্ত ৬০ দিন মেয়াদে ১৫৪তম উচ্চতর প্রশাসন ও উন্নয়ন কোর্স (এসিএডি) অনুষ্ঠিত হবে। উক্ত কোর্সে কেন্দ্রের নিম্নবর্ণিত অনুষদ সদস্যগণ তাদের নামের পার্শ্বে বর্ণিত মডিউলের 'মডিউল পরিচালক' হিসেবে দায়িত্ব পালন করবেন:

| মডিউল নং | মডিউলের নাম | মডিউল পরিচালক (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) |
|---|---|---|
| ১ | Public Service and Operational Issues | Mr. Md. Sharif Hasan<br>Director |
| ২ | Policy and Planning | Dr. Mehedi Masud<br>Director |
| | Economic Management | Mr. Md. Masud Ahmed<br>Deputy Director |
| ৪ | E-Governance | Dr. Mohammad Ziaul Islam<br>System Analyst |
| ৫ | Research for Governance and Policy Analysis | Dr. Md. Zohurul Islam<br>MDS |
| ৬ | Sustainable Development Goals | Mr. Shamim Hosen<br>Deputy Director |
| ৭ | Project Management and Financing | Mr. Muhammad Nizam Uddin Ahammed, Director |
| ৮ | Procurement Management | Mr. Md. Rafiqul Islam<br>Director |
| ৯ | Development Partnerships and Negotiations | Dr. Mohammad Rezaul Karim<br>Deputy Director |
| ১০ | Communication Competency | Mr. Shamim Adnan<br>Deputy Director |
| ১১ | Fitness and Well-being | Ms. Farjana Afrose<br>Deputy Director |
| ১২ | Contemporary Issues | Mr. Md. Moin Uddin<br>Director |
| ১৩ | Learning Good Practies | Mr. Md. Abul Basher<br>Director |

**মডিউল সমন্বয়কের দায়িত্বাবলি নিম্নরূপ হবে:**

(ক) মডিউলের অন্যান্য বক্তাদের সাথে আলোচনাক্রমে শুরুতেই সম্ভাব্য একটি আগাম শিডিউল তৈরি করে কোর্স ব্যবস্থাপনা টিমের নিকট হস্তান্তর করা।

(খ) সময় ও গুরুত্ব বিবেচনাপূর্বক সংশ্লিষ্ট মডিউলের প্রত্যেক বিষয়ের উপর একটি Content-আউটলাইন তৈরি করে কোর্স ব্যবস্থাপনা টিমকে সরবরাহ করা।

(গ) অতিথি বক্তা নির্বাচনে কোর্স ব্যবস্থাপনা টিমকে সহায়তা করা।

(ঘ) অতিথি বক্তা বা কেন্দ্রের বক্তারা যখন সেশন পরিচালনা করবেন তখন সেশনে উপস্থিত থেকে বক্তার মান ও বিষয়বস্তুর সংশ্লিষ্টতা পর্যবেক্ষণ করা।

(ঙ) মডিউল সমন্বয়কগণ অধিবেশনকে আরো অংশগ্রহণমূলক, কার্যকর ও ফলপ্রসু করার লক্ষ্যে প্রযোজ্য ক্ষেত্রে Exercise, Case-Study, Group-Work-এর আয়োজন করা।

(চ) সংশ্লিষ্ট মডিউলের সকল বিষয়ের উপর সেশন অনুষ্ঠিত হবার পর কোন বিষয়ে প্রশিক্ষণার্থীর অস্পষ্টতা থাকলে তা দূর করা।

(ছ) অতিথি বক্তাসহ সকল বক্তার নিকট থেকে প্রত্যেক বিষয়ের উপর কমপক্ষে দুই সেট প্রশ্ন সংগ্রহপূর্বক একটি প্রশ্ন ব্যাংক প্রস্তুত করা।

(জ) উত্তরপত্র মূল্যায়নের জন্যে পর্যাপ্ত সময় যাতে পাওয়া যায় সেটি বিবেচনায় কোর্স ব্যবস্থাপনা টিমের সাথে যোগাযোগ করে পরীক্ষার দিনক্ষণ ধার্য এবং নির্দিষ্ট সময়ের মধ্যে পরীক্ষা অনুষ্ঠান নিশ্চিত করা।

(ঝ) পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার পর চূড়ান্ত ফলাফল ঘোষণার পূর্বে আবশ্যিকভাবে ফলাফল ও উত্তরপত্র মূল্যায়ন অনুবিভাগে জমা দেয়া।

(ঞ) নিজের পর্যবেক্ষণ ও প্রশিক্ষণার্থীদের মতামতের উপর ভিত্তি করে পরবর্তী কোর্সের জন্যে সুপারিশমালা সংযোজিত করে একটি সংক্ষিপ্ত প্রতিবেদন পিপিআর ও মূল্যায়ন অনুবিভাগে জমা দেয়া।

(ট) পরীক্ষার ক্ষেত্রে প্রশ্নপত্র প্রণয়নপূর্বক পরীক্ষার কমপক্ষে ০৩ (তিন) কর্মদিবস পূর্বে Moderation Committee এর নিকট দাখিল করা, যথাসময়ে পরীক্ষা আয়োজন এবং যথার্থভাবে উত্তরপত্র মূল্যায়ন করা বা করার ব্যবস্থা করা।

০২। যথাযোগ্য কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ আদেশ জারি করা হলো।

স্বাক্ষরিত/-
(এলিনা আকতার)
উপপরিচালক (পিপিআর)
ই-মেইল: ppr.bpatc@gmail.com

নং-০৫.০১.২৬৭২.১৪০.২৫.১১২.২৪.৭৮৩

তারিখ: ০২ আশ্বিন ১৪৩২ / ১৭ সেপ্টেম্বর ২০২৫

বিতরণ: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

১. অনুষদ সদস্য (সকল), বিপিএটিসি, সাভার, ঢাকা।
২. কোর্স ম্যানেজমেন্ট টিম, ১৫৪তম এসিএডি, বিপিএটিসি, সাভার, ঢাকা।
৩. জনাব ---------------------------------------------------------------------------, বিপিএটিসি, সাভার, ঢাকা।
৪. প্রোগ্রামার, বিপিএটিসি, সাভার, ঢাকা (কেন্দ্রের তথ্যবাতায়নে প্রকাশের অনুরোধসহ)।
৫. পিএস টু রেক্টর, বিপিএটিসি, সাভার, ঢাকা (রেক্টর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. সংশ্লিষ্ট নথি।

১৭/০৯/২০২৫
(এলিনা আকতার)
উপপরিচালক (পিপিআর)